সংবাদ

তারিখ ... 16.8.84 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

0 067

## আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ বৃহস্পতিবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৪ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা শুরু হচ্ছে। আগামী ২৯শে সেপ্টেম্বর সকল বিষয়ের লিখিত পরীক্ষা শেষ হবে। ব্যবহারিক পরীক্ষার তারিখ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান অথবা কলেজ অধ্যক্ষ পরে ঘোষণা করবেন।

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল সরকারী ও বেসরকারী

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

সংবাদ : ১২

## ডিগ্রী পরীক্ষা শুরু

(১ম পাতার পর)

কলেজ থেকে এবার মোট ২৬৬২৬ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেবে। পরীক্ষার্থীদের এই সংখ্যা গত বছরের তুলনায় ১৩১৭ জন কম। গতবার ২৭৯৪৩ জন পরীক্ষা দিয়েছিল। এ বছর মোট ৩৪টি কেন্দ্রে পরীক্ষা নেয়া হবে।

উল্লেখ্য এবার ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে পরীক্ষা কেন্দ্র রাখা হয়নি। এই কেন্দ্রে গতবার অনুষ্ঠিত পরীক্ষায় ব্যাপক দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট কেন্দ্রটি ৩ বছরের জন্য বাতিল ঘোষণা করে। একই অভিযোগে কলেজটির অধ্যক্ষ এবং উপাধ্যক্ষসহ মোট ১৮ জন শিক্ষককেও ৩ বছরের জন্য পরীক্ষার সকল কাজ থেকে অব্যাহতি দেয়া হয়।